বিক্ষোভে উত্তাল পাকিস্তান, সরকারের প্রতি সমর্থন সেনাবাহিনীর

পাকিস্তানের প্রধানমন্ত্রী ইমরান খান ও তার সরকারকে হটাতে বিক্ষোভে উত্তাল হয়ে উঠেছে পাকিস্তান। দেশটির বিরোধী দলগুলো এরই মধ্যে প্রধানমন্ত্রী ইমরান খানের পদত্যাগের দাবিতে ৪৮ ঘণ্টার আল্টিমেটাম দিয়েছে। এমন পরিস্থিতিতে পাক সেনাবাহিনী জানিয়েছে তারা কোনো দলের পক্ষ নেবে না। সংবিধান ও আইন রক্ষার স্বার্থে তাদের সমর্থন নির্বাচিত সরকারের প্রতিই থাকবে। দেশটির সেনাবাহিনীর মুখপাত্র জেনারেল আসিফ গফুর বলেছেন, আমরা আইন ও সংবিধানে বিশ্বাস করি। কোনো দলকে সমর্থন করা আমাদের কাজ নয়।

এদিকে, গত শুক্রবার রাতে লাখো জনতার অবস্থান থেকে পদত্যাগে ইমরান খানকে দুই দিনের সময় দিয়েছেন দেশটির বিরোধী দল জমিয়তে উলামায়ে ইসলামের প্রধান মাওলানা ফজলুর রহমান। তিনি বলেন, ইমরান যদি এই সময়ের মধ্যে পদ থেকে সরে না দাঁড়ান, তবে ভিন্ন কৌশল নিতে আমরা বাধ্য হব। এরপরে আমাদের ধৈর্যের বাঁধ ভেঙে যাবে। পাকিস্তানের প্রভাবশালী গণমাধ্যম ডন জানায়, বিরোধীদের এমন কঠোর অবস্থানের কারণে অনেকটা নড়েচড়ে বসেছে ইমরান সরকার। মাওলানার এ ঘোষণার পরই ইসলামাবাদের নিরাপত্তা আরও জোরদার করা হয়। আগে থেকে বন্ধ থাকা গুরুত্বপূর্ণ সড়কের পাশাপাশি ছোট রাস্তাগুলোও বন্ধ করা হয়েছে।

শনিবার সকালে আলোচনার জন্য গঠিত সরকারি কমিটি জরুরি বৈঠক করে। সেখান থেকে বিরোধী নেতাদের সঙ্গে সাক্ষাতের সিদ্ধান্ত নেন তারা। পিপলস পার্টির নেতাদের মাধ্যমে মাওলানা ফজলুর রহমানের সঙ্গে মীমাংসায় যাচ্ছে ইমরান প্রশাসন।

নির্বাচনে কারচুপি করে ক্ষমতায় আসার অভিযোগে ইমরান খানকে অপসারণের দাবিতে জমিয়তে উলামায়ে ইসলামের প্রধান মাওলানা ফজলুর রহমান এই আজাদি মার্চের ডাক দিয়েছেন। গত সোমবার করাচি থেকে শুরু হওয়া এ আজাদি পদযাত্রা বৃহস্পতিবার রাজধানী ইসলামাবাদ পৌঁছায়।

বিরোধী দলীয় নেতা মাওলানা ফজলুর রহমানের নেতৃত্বে পাকিস্তান প্রধানমন্ত্রী ইমরান খান বিরোধী আজাদি মার্চে কয়েক লাখ মানুষ

অংশ নিয়েছে। লাখো জনতার বহর নিয়ে এদিন ইসলামাবাদে ঢুকেন মাওলানা ফজলুর রহমান।